JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৯

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১

সেট : ১ | [কোড : টগর] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৯.১২.২০১১ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
চুয়াডাঙ্গা, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, বাগেরহাট, পাবনা, কুড়িগ্রাম, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. পূর্ণ বয়স্ক ব্যক্তির হৃৎপিণ্ডের ওজন কত?
ক. ১ কিলোগ্রাম খ. ৫০০ গ্রাম
গ. ৩০০ গ্রাম ঘ. ২০০ গ্রাম

উত্তর✓ গ ব্যাখ্যা: হৃৎপিণ্ড রক্ত সংবহনতন্ত্রের অন্তর্গত একরকমের পাম্পবিশেষ। হৃৎপিণ্ড অনবরত সংকুচিত ও প্রসারিত হয়ে সারা দেহে রক্ত সঞ্চালন ঘটায়। পূর্ণ বয়স্ক ব্যক্তির হৃৎপিণ্ডের ওজন ৩০০ গ্রাম।

০২. মাটিতে নাইট্রোজেন আবদ্ধ করতে কোন মৌল সাহায্য করে?
ক. ক্যালসিয়াম খ. অক্সিজেন
গ. জিংক ঘ. সোডিয়াম

উত্তর✓ ক ব্যাখ্যা: মাটির উর্বরতা বৃদ্ধিতে নাইট্রোজেন অপরিহার্য মৌল। কিন্তু নাইট্রোজেন সরাসরি মাটিতে আবদ্ধ হয় না। মাটিতে নাইট্রোজেন আবদ্ধ করতে ক্যালসিয়াম মৌল সাহায্য করে। ক্যালসিয়াম একটি মৌলিক পদার্থ এবং এর পারমাণবিক সংখ্যা ২০।

০৩. বৈদ্যুতিক পাখা ধীরে ঘুরলে বিদ্যুৎ খরচ–
ক. বেশি হয় খ. একই হয়
গ. কম হয় ঘ. খুব কম হয় উত্তর খ

০৪. সমুদ্রের গভীরতা মাপা হয় কোন যন্ত্র দিয়ে?
ক. জাইরো কম্পাস খ. সাবমেরিন
গ. অ্যানিওমিটার ঘ. ফ্যাদোমিটার

উত্তর✓ ঘ ব্যাখ্যা: ফ্যাদোমিটার যন্ত্র ব্যবহার করে সমুদ্রের গভীরতা মাপা হয়। এটি আলট্রাসনিক তরঙ্গ উৎপন্ন করে যা সমুদ্রের তলদেশ হতে প্রতিফলিত হয়ে ফিরে আসে এবং জাহাজ রক্ষিত হাইড্রোফোন যন্ত্রে ধরা পড়ে।

০৫. কোন মৌলিক পদার্থ পৃথিবীতে বেশি আছে?
ক. অক্সিজেন খ. হাইড্রোজেন
গ. লৌহ ঘ. নাইট্রোজেন উত্তর ক

০৬. কোনটি রাসায়নিক পরিবর্তন নয়?
ক. লোহাতে মরিচা পড়া
খ. হাইড্রোজেন ও অক্সিজেনে পানি তৈরি করা
গ. বরফকে পানিতে পরিণত করা
ঘ. চাল সিদ্ধ করে ভাতে পরিণত করা

উত্তর✓ গ ব্যাখ্যা: যে পরিবর্তনের মাধ্যমে বস্তু কোন নতুন বস্তুতে পরিণত হয় এবং বস্তুকে তার পূর্ববর্তী অবস্থায় ফিরানো সম্ভব না, বস্তুর সে পরিবর্তনকে রাসায়নিক পরিবর্তন বলে। যেমন : লোহার উপর মরিচা পড়া।
অপরদিকে, বস্তুর পরিবর্তনের পর পুনরায় তাকে আগের অবস্থায় ফিরানো যায়, বস্তুর সে পরিবর্তনকে ভৌত পরিবর্তন বলে। যেমন : বরফকে পানিতে পরিণত করা।

০৭. কম্পিউটারে মেকানিক্যাল ডিভাইসকে বলা হয়–
ক. সফটওয়্যার খ. ডাটা
গ. হার্ডওয়্যার ঘ. ইউজার

উত্তর✓ গ ব্যাখ্যা: কোন কম্পিউটার ব্যবস্থায় সকল ভৌত যন্ত্রপাতি ও ডিভাইস, কী বোর্ড, প্রিন্টার, মনিটর অর্থাৎ মেকানিক্যাল ডিভাইসকে হার্ডওয়্যার বলে। এটি তিন ভাগে বিভক্ত-
১. সিপিইউ; ২. ইনপুট ডিভাইস; ৩. আউটপুট ডিভাইস।

০৮. 'অয়োময়' নাটকটির রচয়িতা কে?
ক. ইমদাদুল হক মিলন খ. সুনীল গঙ্গোপাধ্যায়
গ. মমতাজউদদীন আহমেদ ঘ. হুমায়ূন আহমেদ উত্তর ঘ

০৯. 'পদ্মানদীর মাঝি' কার লেখা?
ক. মুনীর চৌধুরী খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. শরৎচন্দ্র ঘ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

উত্তর✓ খ ব্যাখ্যা: মানিক বন্দ্যোপাধ্যায়ের (১৯০৮-৫৬) কতিপয় উপন্যাস : জননী (১৯৩৫), দিবারাত্রির কাব্য (১৯৩৫), পুতুল নাচের ইতিকথা (১৯৩৬), পদ্মানদীর মাঝি (১৯৩৬), অহিংসা (১৯৪১), আরোগ্য (১৯৫৩)।

১০. 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে'- কোন কবির কবিতা থেকে নেয়া?
ক. জীবনানন্দ দাশ খ. মাইকেল মধুসূদন দত্ত
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. গিরিশচন্দ্র সেন

উত্তর✓ ক ব্যাখ্যা: উক্ত চরণটি প্রকৃতির, রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশের (১৮৯৯-৫৪) 'রূপসী বাংলা' (১৯৫৭) কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত।

১১. 'বৃষ্টি' এর সন্ধিবিচ্ছেদ কী হবে?
ক. বৃ + টি খ. বৃশ + টি
গ. বৃষ + তি ঘ. সৃষ + টি

উত্তর✓ গ ব্যাখ্যা: আগে মূর্ধন্য ষ এবং পরে ত্ বা থ্ থাকলে সন্ধিতে ত্ স্থানে ট্ ও থ্ স্থানে ঠ্ হয়। যেমন :

আকৃষ্ + ত = আকৃষ্ট	ষষ্ + থ = ষষ্ঠ	দ্রষ্ + তা = দ্রষ্টা

১২. কোন বানানটি শুদ্ধ?
ক. সায়ত্বশাসন খ. স্বায়ত্তশাসন
গ. সায়ত্তশাসন ঘ. স্বায়ত্বশাসন

উত্তর✓ খ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : শ্মশ্রু, সান্ত্বনা, শ্রদ্ধাঞ্জলি, সংবলিত, সান্ত্বনা, সন্দিহান, সহযোগিতা, স্বায়ত্তশাসন, সরস্বতী, স্বোপার্জিত, সংবর্ধনা, সমীচীন, স্নেহাশিস।

১৩. 'বিশ্বকবি' এর ব্যাসবাক্য কী হবে?
ক. বিশ্বরূপ কবি খ. যিনি বিশ্বের কবি
গ. বিশ্ব ও কবি ঘ. বিশ্বের কবি

উত্তর✓ ঘ ব্যাখ্যা: পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর, দের) লোপ হয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমন : চায়ের বাগান = চাবাগান, রাজার পুত্র = রাজপুত্র, খেয়ার ঘাট = খেয়াঘাট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৪. নিচের কোন বানানটি অশুদ্ধ?

ক. জবা কুসুম　　খ. তিমির বিদারী
গ. সলীল সমাধী　　ঘ. যৌবন সূর্য

উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : প্রণয়ন, পৌরোহিত্য, প্রোজ্জ্বল, পৈতৃক, পরিষ্কার, পরজীবী, ব্যারিস্টার, বয়ঃসন্ধি, বিদ্বজ্জন, ব্যুৎপত্তি, ব্যূহ, ব্যতীত, ব্রাহ্মণ।

১৫. 'হাট-বাজার' কোন অর্থে দ্বন্দ্ব?

ক. মিলনার্থে　　খ. সমার্থে
গ. বিপরীতার্থে　　ঘ. বিয়োগার্থে

উত্তর✓ খ ব্যাখ্যা দ্বন্দ্ব সমাসের পূর্বপদ এবং পরপদ একই অর্থ বহন করলে, তাকে সমার্থ দ্বন্দ্ব সমাস বলে। যেমন : লজ্জা ও শরম = লজ্জাশরম, হাট ও বাজার = হাটবাজার, ঘর ও বাড়ি = ঘরবাড়ি ইত্যাদি।

১৬. 'তিনি চোখে দেখেন না' বাক্যে চোখ কোন কারক?

ক. সম্প্রদান　　খ. করণ
গ. অধিকরণ　　ঘ. অপাদান

উত্তর✓ খ ব্যাখ্যা 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : নীরা কলম দিয়ে লেখে। (উপকরণ– কলম)।

১৭. 'আয়ু যেন পদ্ম পাতায় নীর।' 'পদ্ম পাতায়' কোন কারক?

ক. কর্মকারক　　খ. করণ কারক
গ. অপাদান কারক　　ঘ. অধিকরণ কারক

উত্তর✓ ঘ ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : একজন বোধ করি অন্তরীক্ষে থাকিয়া লক্ষ করিলেন। উপকূল এক্সপ্রেস ট্রেনে সিলেট যাচ্ছি।

১৮. 'যে বহু বিষয় জানে' এক কথায়–

ক. বহুদর্শী　　খ. সর্বজ্ঞ
গ. সবজান্তা　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যে সব জানে– সর্বজ্ঞ; যা দীপ্তি পাচ্ছে– দীপ্তিমান; যা পূর্বে দেখা যায়নি– অদৃষ্টপূর্ব; যা বলা হবে– বক্তব্য; যে বিষয়ে কোনো বিতর্ক নেই– অবিসংবাদী।

১৯. 'কর দান করে যে' এক কথায়–

ক. অধীন　　খ. আশ্রিত
গ. করদ　　ঘ. প্রজা

উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : কথায় যা প্রকাশ করা যায় না– অনির্বচনীয়; কালে যা ঘটে– কালীন; কাচের তৈরি ঘর– শিশমহল; কোনো কিছুতে ভয় নেই যার– অকুতোভয়।

২০. নিচের কোনটি 'আকাশ' শব্দের সমার্থক নয়?

ক. অন্তরীক্ষ　　খ. হিমাংশু
গ. অম্বর　　ঘ. ব্যোম

উত্তর✓ খ ব্যাখ্যা 'আকাশ' ও 'হিমাংশু' এর কয়েকটি সমার্থক শব্দ :

আকাশ	খ, অন্তরীক্ষ, ব্যোম, দ্যুলোক, অম্বর, নভঃ, নীলিমা, ইথার, খগ, অনন্ত, অভ্র, নভ, পবনপথ, গগন।
হিমাংশু	বিধু, সোম, নিশাকর, শশধর, ইন্দু, মৃগাঙ্ক, কলাধর, সুধাংশু, রাকা, সুধাকর, চন্দ্র, কলানিধি।

২১. 'হাতের পাঁচ' এর ঠিক অর্থ কোনটি?

ক. নিকট জন　　খ. পরমাত্মীয়
গ. বন্ধু　　ঘ. শেষ সম্বল

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : হস্তিমূর্খ (ভীষণ বোকা); হরিহর আত্মা (অন্তরঙ্গ বন্ধুত্ব); হাতে জল না গলা (অতি কৃপণ); হাতে দূর্বা গজানো (কুঁড়ে হওয়া); হাল ছেড়ে দেওয়া (হতাশ হওয়া); হাতে বেড়ি পড়া (গ্রেপ্তার হওয়া)।

২২. 'ঔদ্ধত্য'এর বিপরীতার্থক শব্দ-

ক. স্তব্ধ　　খ. বিনয়
গ. গম্ভীর　　ঘ. মাথা নত করা

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
ঐহিক	পারত্রিক	ঐচ্ছিক	আবশ্যিক
ঐশ্বর্য	দারিদ্র্য	ঐকমত্য	মতভেদ
ঔদ্ধত্য	বিনয়	ঔদার্য	কার্পণ্য

২৩. টাকায় ৪টি করে লিচু কিনে ৫টা করে বিক্রয় করলে শতকরা কত ক্ষতি হবে?

ক. ২০%　　খ. ১৫%
গ. ৩০%　　ঘ. ২৫%

উত্তর✓ ক ব্যাখ্যা ক্ষতিপণ্য = (৫ − ৪) = ১টি

$$\text{শতকরা ক্ষতি} = \frac{\text{ক্ষতি পণ্য}}{\text{বিক্রয় পণ্য}} \times ১০০$$

$$= \frac{১}{৫} \times ১০০ = ২০\%$$

২৪. ৩৬ টাকা ডজন দরে কলা ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হল। এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত হবে?

ক. ৬০ টাকা　　খ. ৬২ টাকা
গ. ৭২ টাকা　　ঘ. ৭৫ টাকা

উত্তর✓ গ ব্যাখ্যা

$$২০\% \text{ লাভে বিক্রয়মূল্য} = \frac{১০০ + \text{লাভ}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$$

$$= \frac{১০০ + ২০}{১০০} \times ৩৬$$

$$= \frac{১২০}{১০০} \times ৩৬ = ৪৩.২ \text{ টাকা}$$

১২ টি কলার বিক্রয়মূল্য ৪৩.২ টাকা

$$\therefore ২০ \text{ " " " } \frac{৪৩.২ \times ২০}{১২} \text{ " } = ৭২ \text{ টাকা}$$

২৫. পিতা ও তিন পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত তিন পুত্রের বয়সের গড় $১\frac{১}{২}$ বছর কম। মাতার বয়স ৩০ বছর হলে পিতার বয়স কত?

ক. $২৮\frac{১}{২}$ বছর　　খ. ৩০ বছর
গ. $৩১\frac{১}{২}$ বছর　　ঘ. ৩৬ বছর

উত্তর✓ ঘ ব্যাখ্যা মনে করি,
মাতা ও তিন পুত্রের বয়সের গড় ক বছর
" " " মোট বয়স (৪ × ক) = ৪ক

$$\text{পিতা ও তিন পুত্রের বয়সের গড়} = \text{ক} + ১\frac{১}{২} \text{ বছর}$$

$$= \text{ক} + \frac{৩}{২} \text{ বছর}$$

$$\text{" " " মোট বয়স} = ৪\left(\text{ক} + \frac{৩}{২}\right) \text{ বছর}$$

$$= ৪\text{ক} + \frac{১২}{২} \text{ বছর} = ৪\text{ক} + ৬ \text{ বছর}$$

পিতা ও মাতার বয়সের পার্থক্য = ৬ বছর
∴ পিতার বয়স = ৩০ + ৬ বছর = ৩৬ বছর

[redacted]

[redacted]

[redacted]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৯. পৃথিবীতে সর্বোচ্চ কার্বন ডাইঅক্সাইড নিঃসরণকারী দেশ–
ক. জাপান খ. যুক্তরাজ্য
গ. যুক্তরাষ্ট্র ঘ. জার্মানি

উত্তর✓ গ ব্যাখ্যা: কার্বন ডাইঅক্সাইড ও গ্রিনহাউজ গ্যাস নিঃসরণে শীর্ষ দেশ চীন। মাথাপিছু গ্রিনহাউজ গ্যাস নিঃসরণে শীর্ষদেশ যুক্তরাষ্ট্র। মাথাপিছু কার্বন ডাইঅক্সাইড নিঃসরণে শীর্ষ দেশ কাতার।

৪০. 'দারফুর' কোথায় অবস্থিত?
ক. কঙ্গো খ. নাইজেরিয়া
গ. জিম্বাবুয়ে ঘ. সুদান

উত্তর✓ ঘ ব্যাখ্যা: দারফুর হচ্ছে সুদানের একটি অঞ্চল। তিনটি স্বায়ত্তশাসিত প্রদেশ নিয়ে দারফুর গঠিত। দারফুরের আয়তন ৪,৯৩,১৮০ বর্গ কিলোমিটার। ২০০৩ সাল থেকে গৃহযুদ্ধের কারণে অঞ্চলটিতে চরম মানবিক বিপর্যয় বিদ্যমান।

৪১. নিচের কোনটির অভাবে গলগণ্ড রোগ হয়?
ক. ভিটামিন এ খ. ভিটামিন সি
গ. আয়োডিন ঘ. প্রোটিন

উত্তর✓ গ ব্যাখ্যা: আয়োডিন একটি রাসায়নিক পদার্থ যা আমাদের শরীরে গুরুত্বপূর্ণ উপাদন থাইরয়েড হরমোন তৈরি করে। সাধারণত সমুদ্রের পানিতে প্রচুর পরিমাণ আয়োডিন থাকে। আয়োডিন পাওয়ার সহজ উৎস হল সামুদ্রিক শৈবাল, সামুদ্রিক মাছ, দুধ, ডিম প্রভৃতি। আয়োডিনের অভাবে গলগন্ড রোগ হয়।

৪২. ইউরোপিয়ান ইউনিয়নের 'সদর দপ্তর' কোথায় অবস্থিত?
ক. লন্ডন খ. ব্রাসেলস
গ. হেগ ঘ. প্যারিস

উত্তর✓ খ ব্যাখ্যা: ২৫ মার্চ ১৯৫৭ সালে স্বাক্ষরিত রোম চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয় ১ জানুয়ারি ১৯৫৮ সালে। ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর বেলজিয়ামের রাজধানী ব্রাসেলস এ অবস্থিত। ইউরোপীয় ইউনিয়নের সদস্য সংখ্যা ২৮টি, অফিসিয়াল ভাষা ২৩টি এবং পতাকায় তারকার সংখ্যা ১২টি। ইউরোপীয় পার্লামেন্টের সচিবালয় লুক্সেমবার্গে অবস্থিত।

৪৩. পৃথিবীর ক্ষুদ্রতম দেশ-
ক. ভ্যাটিকান সিটি খ. মালদ্বীপ
গ. সিঙ্গাপুর ঘ. আয়ারল্যান্ড

উত্তর✓ ক ব্যাখ্যা: আয়তনে ক্ষুদ্রতম দেশ:

অবস্থান	রাষ্ট্র	আয়তন (বর্গ কিমি)	অবস্থান
প্রথম	ভ্যাটিকান সিটি	০.৪৪	ইউরোপ
দ্বিতীয়	মোনাকো	২	ইউরোপ
তৃতীয়	নাউরু	২১	ওশেনিয়া
নবম	মালদ্বীপ	২৯৮	এশিয়া

৪৪. মুক্তিযুদ্ধকালীন ঢাকা কোন সেক্টরের অধীনে ছিল?
ক. ১ খ. ২
গ. ৫ ঘ. ৭

উত্তর✓ খ ব্যাখ্যা: মুক্তিযুদ্ধকালীন ঢাকা জেলা ২ ও ৩নং সেক্টরের অধীনে ছিল। তবে ঢাকা শহর ছিল ২নং সেক্টরের অধীন। ২নং সেক্টরের কমান্ডার ছিলেন মেজর কে এম খালেদ মোশাররফ এবং মেজর এ টি এম হায়দার।

৪৫. সূর্যের নিকটতম গ্রহের নাম কি?
ক. জুপিটার খ. ভেনাস
গ. মার্কারি ঘ. মঙ্গল

উত্তর গ

৪৬. কোন আরব দেশ স্বাধীন বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দান করে?
ক. সৌদি আরব খ. ইরান
গ. মিশর ঘ. ইরাক

উত্তর✓ ঘ ব্যাখ্যা:

দেশ	স্বীকৃতি প্রদানের তারিখ
সেনেগাল	১ ফেব্রুয়ারি ১৯৭২
ইরাক	৮ জুলাই ১৯৭২
মিশর	১৫ সেপ্টেম্বর ১৯৭৬
ইরান	২২ ফেব্রুয়ারি ১৯৭৪
সৌদি আরব	১৬ আগস্ট ১৯৭৫

৪৭. বাংলাদেশের সবচেয়ে প্রশস্ত নদী কোনটি?
ক. মেঘনা খ. পদ্মা
গ. সুরমা ঘ. যমুনা

উত্তর✓ ক ব্যাখ্যা: মেঘনা বাংলাদেশের প্রশস্ততম নদী। চাঁদপুরের নিকটে এই নদীর প্রস্থ প্রায় ১৩,০০০ মিটার। মেঘনা নদী আসামের নাগা মনিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড়ে উৎপন্ন হয়েছে। মেঘনা কিশোরগঞ্জের ভৈরবে পুরাতন ব্রহ্মপুত্র এবং চাঁদপুরে পদ্মা নদীর সাথে মিলিত হয়ে ভোলার দক্ষিণে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৪৮. বাংলাদেশের অন্তর্গত সুন্দরবনের আয়তন কত?
ক. ২৪০০ বর্গমাইল খ. ১৯৫০ বর্গমাইল
গ. ১৭৬০ বর্গমাইল ঘ. ১২২৫ বর্গমাইল

উত্তর✓ ক ব্যাখ্যা: বাংলাদেশের জাতীয় বন সুন্দরবন। এটি পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন। সুন্দরবনের মোট আয়তন ১০,০০০ বর্গ কিলোমিটার। এর মধ্যে বাংলাদেশের অন্তর্গত ৬০১৭ বর্গ কিলোমিটার বা ২৪০০ বর্গ মাইল। ইউনেস্কো ৬ ডিসেম্বর ১৯৯৭ সালে সুন্দরবনকে ৭৯৮তম বিশ্বঐতিহ্য হিসেবে ঘোষণা করে।

৪৯. প্রধান নির্বাচন কমিশনারের মেয়াদকাল কত?
ক. ৭ বছর খ. ৬ বছর
গ. ৫ বছর ঘ. ৩ বছর

উত্তর✓ গ ব্যাখ্যা: বাংলাদেশের সংবিধানে ১১৮নং অনুচ্ছেদে নির্বাচন কমিশন প্রতিষ্ঠা সম্পর্কে বলা হয়েছে। সংবিধানের ১১৮(৩)নং অনুচ্ছেদে বলা হয়েছে 'এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে কোন নির্বাচন কমিশনারের পদের মেয়াদ তাহার কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরকাল হইবে।'

৫০. ঢাকার বিখ্যাত তারা মসজিদ তৈরি করেছিলেন-
ক. নবাব সলিমুল্লাহ খ. মির্জা আহমেদ খান
গ. মির্জা গোলাম পীর ঘ. শায়েস্তা খান

উত্তর✓ গ ব্যাখ্যা: তারা মসজিদ পুরানো ঢাকার আরমানিটোলায় অবস্থিত। আঠারো শতকের প্রথম দিকে মির্জা গোলাম পীর এই মসজিদ নির্মাণ করেন। তার অপর নাম মির্জা আহমদ জান। মসজিদটিতে পাঁচটি গম্বুজ ও চারটি মিনার রয়েছে।

৫১. 'Do not open the door.' বাক্যের passive form হচ্ছে-
ক. Let not the door open.
খ. Let not the door be opened.
গ. Let not the door be open.
ঘ. Let not the door opened.

উত্তর✓ খ ব্যাখ্যা: **Do not যুক্ত Imperative sentence কে Passive Voice এ রূপান্তরের নিয়ম :**
Struct: Let not + Subject (Active voice এর object) + be + vpp/v_3 (opened)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৪. 'Who is doing the work?' বাক্যের passive form হচ্ছে–
ক. By whom is the work being done?
খ. By whom is the work done?
গ. By whom was the work being done?
ঘ. By whom is the work has done?

উত্তর✓ ক ব্যাখ্যা Who যুক্ত Sentence কে Passive voice এ রূপান্তরের নিয়ম : By Whom + H.V (Subject এর person অনুযায়ী) + Subject + being + V_3 ।

৫৫. 'Passion' শব্দটির adjective হচ্ছে–
ক. Passionful খ. Pastoral
গ. Emanation ঘ. Passionate

উত্তর✓ খ ব্যাখ্যা

প্রদত্ত শব্দ	parts of speech	অর্থ
passion	noun	আবেগ
passionate	adjective	আবেগপ্রবণ,আবেগ তাড়িত ।
Emanation	noun	উৎপাদন, জন্ম ।

৫৪. 'Rely' শব্দটির Noun হচ্ছে–
ক. Relement খ. Rely
গ. Reliance ঘ. Reliment

উত্তর✓ গ ব্যাখ্যা

প্রদত্ত শব্দ	parts of speech	অর্থ
Rely	verb	নির্ভর করা
Reliance	noun	নির্ভরতা

৫৫. He asked me where I had gone the previous day. বাক্যের direct speech হচ্ছে–
ক. He asked to me, "Where did you go yesterday?
খ. He said to me, "Where did you go yesterday?"
গ. He said to me, "Where you went yesterday?"
ঘ. He said to me, "Where did I go yesterday?"

উত্তর✓ খ ব্যাখ্যা 'Reporting verb' এ asked থাকায় এবং 'reported speech এ past perfect tense এবং The previous day থাকায় আমাদেরকে বুঝতে Interrogative sentence টি Past Indefinite tense এ হবে এবং The previous day এর পরিবর্তে 'Yesterday' হবে ।

৫৬. He said to me, "Which book do you want?" বাক্যের indirect speech হচ্ছে–
ক. He asked me which book I wanted
খ. He asked to me which book I wanted
গ. He said me which book I wanted
ঘ. He said to me which book I wanted

উত্তর✓ ক ব্যাখ্যা [sub + 'Reporting verb' এর ' said to me' এর পরিবর্তে ' asked me' + Wh word (অপরিবর্তিত থাকে) + Interrogative pattern অপরিবর্তিত হয়ে → Assertive pattern + past indefinite tense (present Indefinite tense) এর পরিবর্তে । সুতরাং সঠিক উত্তর (ক) ।

৫৭. 'He is absorbed – thought.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ হবে–
ক. to খ. at
গ. for ঘ. in

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'be' absorbed in – কোনো কিছুতে মগ্ন/ চিন্তায় নিমগ্ন থাকা ।

৫৮. Karim as well as Nayeem – praise.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ হবে–
ক. are deserving খ. deserve
গ. deserves ঘ. is deserving

উত্তর✓ গ ব্যাখ্যা দুটি Noun 'as well as' দ্বারা যুক্ত হলে এবং বাক্যে Subject হিসেবে ব্যবহৃত হলে, উক্ত Subject এর verb form টি প্রথম Noun টির Number অনুযায়ী পরিবর্তিত হয় । বাক্যে প্রথম Noun টি 3rd person singular Number হওয়ায় verb form টি ও singular অর্থাৎ deserves হবে ।

৫৯. 'Tooth and nails' phrase টির অর্থ–
ক. Beautiful খ. Completely
গ. Incompletely ঘ. Precise

উত্তর✓ খ ব্যাখ্যা 'Tooth and nails' mean 'Comolety' (পুরোপুরি, সম্পূর্ণ রূপে) অপশনগুলোর মধ্যে একমাত্র ।

৬০. 'Dead letter' phrase টির অর্থ–
ক. Law not in force
খ. Bad letter
গ. Old letter
ঘ. Letter written by unknown person

উত্তর✓ ক ব্যাখ্যা Dead letter (N.P.) – অকার্যকর । Law not in force (N.P.) – যে আইনের বাস্তবিক প্রয়োগ নাই । 'Dead letter একটি phrase যার অর্থ 'Law not in force'(অচল আইন) । কাজেই সঠিক উত্তর (ক) ।

৬১. 'Calm' শব্দটির synonym হচ্ছে–
ক. Agitated খ. Quiet
গ. Angry ঘ. Inflamed

উত্তর✓ খ ব্যাখ্যা

শব্দ	অর্থ
Calm	শান্ত, নিস্তব্ধ, নিথর
Igitated	ক্ষুব্ধ, উত্তেজিত, বিক্ষুব্ধ ।
Quiet	শান্ত, নিস্তব্ধ ।
Angry	ক্রুদ্ধ, রাগান্বিত ।
Inflamed	রাগান্বিত, প্রজ্বলিত

৬২. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. Sycology খ. Psykology
গ. Sychology ঘ. Psychology

উত্তর✓ ঘ ব্যাখ্যা সঠিক বানান হচ্ছে 'Psychology' (মনোবিজ্ঞান, মনোবিদ্যা)

৬৩. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. Comision খ. Comission
গ. Commission ঘ. Commision

উত্তর✓ গ ব্যাখ্যা সঠিক বানান হচ্ছে 'Commission' (কমিশন) ।

৬৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Lake Chilka is in Orrisa.
খ. Lake Chilka is in the Orrisa.
গ. The Lake Chilka is in the Orrisa.
ঘ. The lake Chilka is in Orrisa.

উত্তর✓ ক ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর একমাত্র (ক) । কেননা 'Lake' (হ্রদ) এর নামের 'The' ব্যবহার করা হয় না ।

৬৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. See the word in the dictionary.
খ. Find out the word in the dictionary.
গ. Pick up the word in the dictionary.
ঘ. Look up the word in the dictionary.
উত্তর✓ ঘ Dictionary -তে কোনো একটি নির্দিষ্ট শব্দ খোঁজার ক্ষেত্রে 'Look up' phrasal verb-টি ব্যবহৃত হয়।

৬৬. মানুষের ক্রোমোসোমের সংখ্যা কত?
ক. ২৩ জোড়া খ. ২২ জোড়া
গ. ২৫ জোড়া ঘ. ২১ জোড়া
উত্তর ক

৬৭. ফকিররা কত সাল থেকে কত সাল পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিল?
ক. ১৭৮১ থেকে ১৮৪০ পর্যন্ত খ. ১৭৬০ থেকে ১৮৪০ পর্যন্ত
গ. ১৭৫৭ থেকে ১৮৫৭ পর্যন্ত ঘ. ১৮১৯ থেকে ১৮৬২ পর্যন্ত
উত্তর✓ খ ফকিররা ১৭৫৭ থেকে ১৮০০ সাল পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিল। মজনু শাহের নেতৃত্বে ফকিরগণ রাজশাহী, বগুড়া, দিনাজপুর, রংপুর, পাবনা, ঢাকা সহ বিভিন্ন স্থানে ইংরেজ বিরোধী তৎপরতা শুরু করে। ১৭৭৬ সালে ফকিরগণ মহাস্থানে একটি দুর্গ নির্মাণ করে। ১৭৮৭ সালে মজনু শাহের মৃত্যুর পর সুযোগ্য নেতৃত্বের অভাবে ফকির আন্দোলন স্তিমিত হয়ে যায়।

৬৮. ইউনেস্কোর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?
ক. নিউইয়র্ক খ. প্যারিস
গ. রোম ঘ. জেনেভা
উত্তর✓ খ United Nations Educational Scientific and Cultural Organization (UNESCO)- প্রতিষ্ঠার লক্ষ্যে সনদ স্বাক্ষরিত হয় ১৬ নভেম্বর ১৯৪৫ সালে। ইউনেস্কো কার্যক্রম শুরু করে ৪ নভেম্বর ১৯৪৬ সালে। ইউনেস্কোর সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। এই প্রতিষ্ঠানের প্রধানের পদবি মহাপরিচালক।

৬৯. দক্ষিণ পূর্ব এশিয়ার একটি দেশ-
ক. উত্তর কোরিয়া খ. দক্ষিণ কোরিয়া
গ. চীন ঘ. ভিয়েতনাম
উত্তর✓ ঘ এশিয়া পৃথিবীর বৃহত্তম মহাদেশ। এশিয়ায় স্বাধীন দেশের সংখ্যা ৪৪টি। উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, চীন, জাপান পূর্ব এশিয়া বা দূরপ্রাচ্যের দেশ। ভিয়েতনাম দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি দেশ।

৭০. আগরতলা ষড়যন্ত্র মামলা কত সালে দায়ের করা হয়?
ক. ১৯৬৬ সালে খ. ১৯৬৭ সালে
গ. ১৯৬৮ সালে ঘ. ১৯৭৯ সালে
উত্তর✓ গ আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় ৩ জানুয়ারি ১৯৬৮ সালে। এই মামলার আসামি ছিল ৩৫জন। প্রধান আসামি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯ জুন ১৯৬৮ সালে কুর্মিটোলা সেনানিবাসে এই মামলার বিচার কাজ শুরু হয়। আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয় ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে।

৭১. বীরশ্রেষ্ঠ পদকপ্রাপ্তদের সংখ্যা কত?
ক. পাঁচ খ. সাত
গ. আট ঘ. দশ
উত্তর✓ খ বাংলাদেশের সর্বোচ্চ বীরত্ব সূচক খেতাব বীরশ্রেষ্ঠ। মহান মুক্তিযুদ্ধে অসামান্য বীরত্ব প্রদর্শনের জন্য বাংলাদেশ সরকার ৭ জনকে বীরশ্রেষ্ঠ খেতাব প্রদান করেছে। তাঁদের মধ্যে সর্বপ্রথম শহিদ হন সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল ১৭ এপ্রিল ১৯৭১ সালে এবং সর্বশেষ শহিদ হন ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে।

৭২. বিষধর সাপের কয়টি বিষদাঁত থাকে?
ক. চারটি খ. তিনটি
গ. দুটি ঘ. একটি
উত্তর গ

৭৩. কোন সালে ভারতে বাবরি মসজিদ ভাঙা হয়?
ক. ১৯৯৫ খ. ১৯৯৪
গ. ১৯৯৩ ঘ. ১৯৯২
উত্তর✓ ঘ বাবরি মসজিদ ভারতের উত্তর প্রদেশের অযোধ্যায় রামকোট হিলের উপর অবস্থিত ছিল। মসজিদটি ১৫২৭ খ্রিস্টাব্দে ভারতের প্রথম মুঘল সম্রাট বাবরের আদেশে নির্মিত হয় এবং তার নামানুসারে নামকরণ করা হয়। ১৯৯২ সালে বাবরি মসজিদ ধ্বংস করা হয়।

৭৪. কোনটি ক্ষুদ্রতম?
ক. সেন্টিমিটার খ. ডেসিমিটার
গ. হেক্টোমিটার ঘ. কিলোমিটার
উত্তর ক

৭৫. কোন প্রতিষ্ঠান সুন্দরবনকে 'ওয়ার্ল্ড হেরিটেজ সাইট' হিসেবে স্বীকৃতি দিয়েছে?
ক. UNDP খ. UNICEF
গ. UNESCO ঘ. এর কোনোটিই নয়
উত্তর✓ গ সুন্দরবন বিশ্বের সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন। ১০,০০০ বর্গ কিলোমিটার জুড়ে গড়ে ওঠা সুন্দরবনের ৬,০১৭ বর্গ কিলোমিটার রয়েছে বাংলাদেশে। ৬ ডিসেম্বর ১৯৯৭ সালে ইউনেস্কো সুন্দরবনকে ৭৯৮তম বিশ্বঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতি দেয়।

৭৬. 'ট্রাফালগার স্কোয়ার' কোন শহরে অবস্থিত?
ক. ওয়াশিংটন খ. প্যারিস
গ. মস্কো ঘ. লন্ডন
উত্তর✓ ঘ 'ট্রাফালগার স্কয়ার' ইংল্যান্ডের সেন্ট্রাল লন্ডনে অবস্থিত একটি সাধারণ জনগণের মিলনস্থল। এ স্থানটির পূর্ব নাম ছিল চেরিং ক্রস। ১৮০৫ সালে সংঘটিত ব্রিটিশ নৌবাহিনীর ফ্রান্সের বিরুদ্ধে বিখ্যাত ট্রাফালগারের যুদ্ধে বিজয়কে স্মরণীয় করে রাখতে এই নামকরণ করা হয়।

৭৭. কোন ধরনের ভিটামিন দাঁত ও হাড়ের জন্য প্রয়োজন?
ক. ভিটামিন এ খ. ভিটামিন বি
গ. ভিটামিন সি ঘ. ভিটামিন ডি
উত্তর✓ ঘ একমাত্র প্রাণিজ উৎস থেকেই ভিটামিন D পাওয়া যায়। ডিমের কুসুম, দুধ, মাখন, যকৃত ও তেলসমৃদ্ধ মাছ ভিটামিন D এর প্রধান উৎস। দাঁত ও হাড়ের জন্য ভিটামিন D অপরিহার্য।

৭৮. সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাপে হয়–
ক. লাল আলোতে খ. নীল আলোতে
গ. সবুজ আলোতে ঘ. বেগুনি আলোতে
উত্তর ক

৭৯. ঐতিহাসিক ছয় দফা কোন সালে পেশ করা হয়েছিল?
ক. ১৯৭০ সালে খ. ১৯৬৭ সালে
গ. ১৯৬৬ সালে ঘ. ১৯৬৫ সালে
উত্তর✓ গ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৫ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে লাহোরে বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্বাচনী কমিটিতে প্রথম ছয় দফা উত্থাপন করেন। তিনি ছয় দফা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন ২৩ মার্চ ১৯৬৬ সালে লাহোরে এক সংবাদ সম্মেলনে।

৮০. কোনটি জৈব সার নয়?
ক. সবুজ সার খ. গোবর সার
গ. কম্পোস্ট সার ঘ. ইউরিয়া সার
উত্তর✓ ঘ গাছপালা, পশুপাখির রেচন পদার্থ ও দেহাংশ দিয়ে যে সার তৈরি হয় তাকে জৈব সার বলে। উদাহরণ- সবুজ সার, গোবর সার।